বণিক বার্তা
24 AUG 2026

ইউরোপে রফতানিতে তৈরি পোশাকের পাশাপাশি অন্য খাতের অংশগ্রহণ বাড়াতে চাই

খন্দকার আব্দুল মুক্তাদির
মন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ইউরোপের বাজারে সম্ভাবনা বা সামগ্রিকভাবে **তৈরি** পোশাকের সম্ভাবনা এখনো অনেকখানি **বাকি**। বাকি বলছি এজন্য যে আমরা তো এখনো নিম্ন ও মধ্যম মূল্যের পণ্য তৈরি করি। উচ্চ মূল্যের পণ্য করি না। কৃত্রিম তন্তুতে এখনো আমরা যথেষ্টভাবে যাইনি। এভাবে তৈরি পোশাকের মধ্যেও অনেকগুলো বিভাগ, যেগুলো **মূল্য** সংযোজিত বিভাগ, ওগুলো নিয়ে আমরা **এখনো** ওই বাজারে প্রবেশ করতে পারিনি। তো **এদিকে আমাদের** অংশগ্রহণ (শেয়ার) যত বাড়বে, তত আমাদের ইউনিটপ্রতি পণ্যের দাম বাড়তে থাকবে। এখনো ইউরোপের বাজার, আমেরিকান বাজার—সব বাজারেই আমাদের এখনো যথেষ্ট সম্ভাবনা আছে তৈরি পোশাকের ক্ষেত্রেও।

তৈরি পোশাকের বাইরে অনেকগুলো পণ্য আছে। লেদার ও নন-লেদার পণ্য আছে, চিংড়ি আছে, মাছ আছে। পাটের সুযোগ আছে। জাহাজ নির্মাণের সুযোগ আছে। এ সম্ভাবনাগুলো কাজে লাগানোর জন্য আমরা কাজ করছি এবং অল্পদিনের মধ্যেই দেখবেন, চামড়া নিয়ে আমরা একটা বিস্তৃত কর্মপরিকল্পনা পেশ করব, পাট নিয়ে কর্মসূচি পেশ করব। আমরা জাহাজ নির্মাণ নিয়ে কাজ করছি। আন্তঃমন্ত্রণালয় একটা কমিটি আছে জাহাজ নির্মাণের। এবং জাহাজ পুনঃপ্রক্রিয়াকরণ, এ দুটি নিয়েও আগামী দিনে আমরা আমাদের কর্মসূচি পেশ করব। আমাদের লক্ষ্য হচ্ছে, তৈরি পোশাকের এখনো যথেষ্ট সুপ্ত সম্ভাবনা আছে, কিন্তু তৈরি পোশাকের আরো বিকাশের সঙ্গে সঙ্গে অন্য বিভাগের ওপর আমাদের অংশগ্রহণ (শেয়ার) বাড়ানো। সঙ্গে সঙ্গে অন্য খাতগুলোতে আমাদের রফতানি বাড়ানো। এটা হচ্ছে আমাদের আগামী দিনের লক্ষ্য।

ইউরোপ অশুল্ক বাধার একটা তালিকা দিয়েছিল আমাকে, আমার সঙ্গে যখন প্রথম সাক্ষাৎ হয় তখন। সেটা নিয়ে আমরা যথেষ্ট কাজ করেছি। এবং সেই কাজের ওপর তাদেরকে আমরা একটা হালনাগাদ তথ্য দেব। আগামী কিছুদিনের মধ্যেই আমরা একটা নতুন তারিখে ইউরোপীয় ইউনিয়নের সব রাষ্ট্রদূতের সঙ্গে বসে আমরা একটা হালনাগাদ তথ্য দেব। এটা নিয়ে আমরা কাজ করেছি। ইউরোপীয় ইউনিয়নে (ইইউ) তো অনেকগুলো দেশ, ২৭টি দেশ। তাদের সঙ্গে এফটি আমরা চেষ্টা করব যত দ্রুত সম্ভব সম্পন্ন করার জন্য। দু-তিন বছর তো লাগবেই।

বণিক বার্তা
24 AUG 2026

ইইউতে ইবিএ সুবিধা হারানোর আগে জিএসপি প্লাস সুবিধা আদায়ের চেষ্টা করতে হবে

ড. ফরিদুল আলম

বাংলাদেশের রফতানি আয়ের ৫০ ভাগের বেশি আসে ইউরোপীয় ইউনিয়নভুক্ত ২৭ দেশ থেকে। ২০২৫ সালে ইউরোপীয় ইউনিয়নই তাদের বাণিজ্য প্রতিবেদনে জানিয়েছে, বাংলাদেশ তাদের ৩৫তম বড় বাণিজ্য সহযোগী। এ দুই পক্ষই বর্তমান অংশীদারত্ব ও পারস্পরিক সহযোগিতা চুক্তি (পার্টনারশিপ অ্যান্ড কো-অপারেশন এগ্রিমেন্ট-পিসিএ) করার জন্য জোর কূটনৈতিক তৎপরতা চালিয়ে যাচ্ছে। এলডিসি উত্তরণের আগে ইউরোপীয় ইউনিয়নের সঙ্গে এ ধরনের চুক্তি গড়ে তোলার অর্থনৈতিক সম্ভাবনা বহুমুখী। বর্তমানে অবশ্য যুক্তরাষ্ট্র ও চীন বাড়তি গুরুত্ব পাচ্ছে। কিন্তু ইউরোপীয় ইউনিয়নের দিকে আমাদের মনোযোগ বেশি হওয়া জরুরি।

ইউরোপীয় ইউনিয়ন থেকে রফতানি আয়ের প্রধান উৎস তৈরি পোশাক। সমস্যা হলো সাম্প্রতিক সময়ে ইউরোপে আমাদের দেশের তৈরি পোশাকের বাজার ক্রমেই ছোট হয়ে আসছে। বিগত দুই বছরে আগের বছরগুলোর তুলনায় এ খাতে রফতানি আয় অনেকটাই কমেছে। বিশেষ করে ১৫টি দেশ, যারা এতদিন ধরে বড় ক্রেতা ছিল, তাদের দিক থেকে চাহিদা আগের তুলনায় অনেকটা কমেছে। ইউরোস্ট্যাটের তথ্য অনুযায়ী, ২০২৬ সালের জানুয়ারি থেকে এপ্রিল পর্যন্ত সময়ে ৬০৯ কোটি ইউরোর তৈরি পোশাক রফতানি হয়েছে, যা আগের বছরের একই সময়ে ছিল ৭৫৫ কোটি ইউরো। কিছু দেশে অবশ্য রফতানি বাড়লেও সেগুলোর বাজার বেশ ছোট, যা মোট রফতানি ঘাটতিকে পূরণ করে না। একক দেশ হিসেবে জার্মানি ছিল এই তৈরি পোশাকের বড় ক্রেতা। যুক্তরাষ্ট্রের পরই জার্মানি থেকে এ খাতে সবচেয়ে বেশি বৈদেশিক মুদ্রা আহরণ হতো। ২০২৪-২৫ অর্থবছরের তুলনায় ২০২৫-২৬ অর্থবছরে জার্মানি থেকে রফতানি আয় ৪৯৫ কোটি ডলার থেকে কমে ৪৩৮ কোটি ডলারে নেমেছে। এটা দুশ্চিন্তার বিষয়।

ইউরোপীয় ইউনিয়নে তৈরি পোশাক রফতানি কমার জন্য যে কারণগুলোকে দায়ী করা হচ্ছে, এর মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে অপরাপর উদীয়মান দেশের তুলনায় প্রতিযোগিতায় আমরা পিছিয়ে পড়ছি। তৈরি পোশাক রফতানির দিক থেকে চীন বরাবরই শীর্ষ অবস্থানে ছিল। তারা বাজারে নিজ অবস্থান ধরে রাখার পাশাপাশি রফতানি আয় বাড়াতে সক্ষম হয়েছে। যদিও সার্বিক বিবেচনায় ইউরোপে আগের তুলনায় ক্রেতার সংখ্যা কমেছে, চীনসহ কয়েকটি দেশ প্রতিযোগিতায় নিজেদের অবস্থান ধরে রাখতে সক্ষম হয়েছে। ইউরোপের বাজার সংকুচিত হওয়ার কারণে ভারত কিছুটা ক্ষতিগ্রস্ত হলেও তা বাংলাদেশের তুলনায় কম। এদিকে ভিয়েতনামও আগের অবস্থান ধরে রাখতে সফল।

২০২১ সালে জাতিসংঘ কর্তৃক বাংলাদেশ স্বল্পোন্নত দেশের কাতার থেকে বের হয়ে উন্নয়নশীল দেশ হিসেবে স্বীকৃত হয়েছে। এক্ষেত্রে পাঁচ বছরের একটি ট্রানজিশন (রূপান্তর) সময়কাল, অর্থাৎ ২০২৬ সাল পর্যন্ত এই সময়কে প্রস্তুতিমূলক সময় হিসেবে অনুমোদন করা হয়েছে। এ বছর এ সময়

উত্তীর্ণ হবে। ফলে বাংলাদেশ বহির্বিশ্বের যেসব দেশে অগ্রাধিকারমূলক শুল্কমুক্ত বাণিজ্যিক সুবিধা পেত, তা আর পাবে না। ইউরোপ অনেকটা মানবিক কারণে এ সময় অতিক্রান্ত হওয়ার পরও আরো অতিরিক্ত তিন বছর সময় মঞ্জুর করেছে। এ সময়ের মধ্যে তাদের এভরিথিং বাট আর্মস (ইবিএ) কর্মসূচির আওতায় ইউরোপের সঙ্গে বাণিজ্যিক সুবিধা পেতে থাকবে বাংলাদেশ। কিন্তু আধুনিক বিশ্ব বাণিজ্যের হিসেবে এটা শুধু প্রস্তুতিকাল।

নিঃসন্দেহে স্বল্পোন্নত দেশ থেকে উত্তরণ যেকোনো দেশের জন্য একটি স্বস্তিদায়ক প্রাপ্তি। এর মধ্য দিয়ে একটি দেশের আন্তর্জাতিক পরিসরে বিশেষ সুবিধা ছাড়া নিজেদের পণ্যের মানোন্নয়নের মধ্য দিয়ে আন্তর্জাতিক প্রতিযোগিতার সক্ষমতাকে স্বীকৃতি দেয়া ছাড়াও বাণিজ্য ও বিনিয়োগে অপরাপর দেশগুলোর একধরনের আস্থার প্রতিফলন ঘটে। এ বিবেচনায় কিছু চ্যালেঞ্জ থাকলেও বাংলাদেশের আগামীর অর্থনীতিকে চাঙ্গা করতে এবং উন্নত দেশগুলোর সঙ্গে অর্থনীতিকে একই সূত্রে গাথার এটি একটি বড় সুযোগ বটে। দেশের ভেতর আরো বড় অর্থনৈতিক বিনিয়োগে এবং বেশি অংকের বিনিয়োগ প্রাপ্তির একধরনের নিশ্চয়তাও এর মধ্যে। তবে এ মুহূর্তে বাংলাদেশের এ প্রাপ্তি যেন আমাদের জন্য কিছুটা সমস্যা সৃষ্টি করে ফেলেছে। এর সবচেয়ে বড় কারণ হচ্ছে গত দুই বছরে দেশের অভ্যন্তরীণ রাজনৈতিক পরিবর্তনের ফলে অনেক অর্থ অবৈধ পথে দেশের বাইরে চলে গেছে। ফলে ব্যাংকগুলোতে সৃষ্টি হয়েছে তারল্য সংকট, সেই সঙ্গে বিদ্যমান অনেক অর্থনৈতিক প্রতিষ্ঠান বন্ধ হয়ে যাওয়ার পাশাপাশি ব্যাপক আকারে সরাসরি বৈদেশিক বিনিয়োগ কমে গেছে। এসব কিছু ইউরোপসহ বহির্বিশ্বে আমাদের বাণিজ্যে প্রভাব সৃষ্টি করে থাকতে পারে।

একই সঙ্গে এও বলা সংগত হবে যে বিশ্ব অর্থনীতি আগের অবস্থায় নেই। কয়েক বছর ধরে ইউক্রেন-রাশিয়া যুদ্ধের সঙ্গে মধ্যপ্রাচ্যের ঘনীভূত সংকট আরো ঘনীভূত হয়েছে ইরানের সঙ্গে যুক্তরাষ্ট্রের যুদ্ধের মধ্য দিয়ে। ফলে গোটা বিশ্বের অর্থনীতিই এক বড় ধরনের ধাক্কার মধ্য দিয়ে যাচ্ছে। চীন ও ভারতের মতো দেশের রয়েছে বিশাল বাজার, যার মধ্য দিয়ে তারা পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিষয়গুলো নিয়ে যতটা দরকষাকষির সামর্থ্য রাখে, সেই সুযোগটা আমাদের জন্য সীমিত। তবে একই সঙ্গে আমাদের জন্য এটাও সত্য যে তৈরি পোশাক শিল্পে বর্তমানে যে সংকট চলছে এটিতে বিশেষ নজর দেয়া জরুরি হয়ে পড়েছে। ভিয়েতনামের মতো দেশ, যারা পোশাক রফতানির দিক দিয়ে আমাদের চেয়ে পিছিয়ে ছিল, এ খাতে নিজেদের সামর্থ্য ধরে রাখার পাশাপাশি তাদের সরকারও বিষয়টি নিয়ে বিশেষ যত্নশীল। সেই সঙ্গে কম্বোডিয়ার পোশাক খাতের কমপ্লায়েন্সের বিষয়টি বিবেচনা করলে, তারা এই দিক দিয়ে যথেষ্ট সন্তোষজনক অবস্থানে রয়েছে। আমাদের কমপ্লায়েন্সের পাশাপাশি এক্ষেত্রে ত্রিপক্ষীয় (ক্রেতা-সরকার ও শ্রমিক সংগঠনের মধ্যে) একটি শক্তিশালী যোগাযোগের ভিত্তি তৈরি করতে হবে। সরকারের দিক থেকে অর্থনীতির স্বার্থে ব্যবসায়ীদের রাজনৈতিক বিবেচনার ঊর্ধ্বে রাখাটাও বিবেচনায় নিতে হবে, কেননা দিনশেষে এর মধ্য দিয়ে কর্মহীন হচ্ছে শ্রমিক এবং দেশ হারাচ্ছে গুরুত্বপূর্ণ রফতানি আয়।

পরিস্থিতির উন্নয়ন না ঘটলে বর্তমানে ইউরোপ থেকে ক্রমাবনতিশীল রফতানি আয়ের সঙ্গে ২০২৯ সালের পর বাংলাদেশ ইউরোপের বাজার থেকে ইবিএ সুবিধা হারালে অর্থনীতি আরো জটিল আকার ধারণ করবে। এ ধারা চলতে থাকলে ধারণা করা যায়, প্রতি বছর বাংলাদেশ আরো ৮০০ কোটি ডলার রফতানি আয় হারাবে, যা ভয়ংকর ব্যাপার হয়ে দাঁড়াবে। পরিস্থিতির উত্তরণে এবং বাড়তি সুবিধা অব্যাহত রাখতে বাংলাদেশের একমাত্র উপায় হচ্ছে ইউরোপে জিএসপি (জেনারাইলজড সিস্টেম অব প্রেফারেন্সেস) প্লাস সুবিধার জন্য আবেদন করা। এটি রফতানি আয়কে সুরক্ষা দিলেও এর প্রাপ্তি নির্ভর করছে দেশের ভেতর শ্রম অধিকার, পরিবেশ সুরক্ষা, সুশাসন ও মানবাধিকারসংক্রান্ত আন্তর্জাতিক ২৭টি মূল কনভেনশন অনুসমর্থন এবং এর বাস্তবায়ন নিশ্চিত করা। সুতরাং এক্ষেত্রে বেসরকারি বিনিয়োগের পাশাপাশি সরকারের দিক থেকে আইনি বিধিবাধান এবং সুরক্ষাগুলো নিশ্চিতকল্পে প্রয়োজনীয় ভূমিকা রাখতে হবে।

আমাদের একটি বড় সীমাবদ্ধতা হলো মাত্র একটি খাতের ওপর নির্ভর করে বাণিজ্যিক সম্পর্ক গড়তে চাচ্ছি। এমনটা মোটেও ঠিক নয়। ইউরোপের দেশগুলোতে বাংলাদেশের তৈরি পোশাকের বাইরে এতদিন ধরে সবচেয়ে গুরুত্বপূর্ণ বলে বিবেচিত হতো হিমায়িত চিংড়ি। বর্তমানে তৈরি পোশাকের ক্রেতা কমে যাওয়ার ফলে আমাদের অন্যান্য রফতানি পণ্যের সক্ষমতাগুলো আরো বাড়িয়ে সেগুলোর গন্তব্যকে ইউরোপ ও এর বাইরের দেশগুলোতে পাঠানোর বিষয়ে কার্যকর উদ্যোগ নেয়া জরুরি। ইইউভুক্ত যেসব দেশে আমাদের তৈরি পোশাকের চাহিদা

এরপর » পৃষ্ঠা ৪

আগে থেকেই কম ছিল, সেখানে কিন্তু আমাদের ফার্মাসিউটিক্যালসগুলো কর্তৃক তৈরি ওষুধের যথেষ্ট চাহিদা রয়েছে বলা জানা যায়। এ সম্ভাবনাময় খাতটিকে সরকারিভাবে পৃষ্ঠপোষকতা দিলে আমাদের জন্য ভালো ফল আসতে পারে। তাছাড়া চামড়া ও চামড়াজাত পণ্য রফতানি করে অনেক বেশি বৈদেশিক মুদ্রা অর্জন করা সম্ভব। বাংলাদেশে যে পরিমাণ চামড়া প্রক্রিয়ার অভাবে প্রতি বছর নষ্ট হয়, তা বেশ উদ্বেগজনক। এ শিল্পের মানোন্নয়নে

যে সময় যেমন পরিবর্তনশীল, সময়ের সঙ্গে সঙ্গে মানুষের চাহিদা, রুচি ও আন্তর্জাতিক রাজনীতি গুরুত্বপূর্ণ নিয়ামক হিসেবে ভূমিকা রাখে। এসব বিবেচনায় কেবল দুএকটি খাতের ওপর নির্ভরতা থেকে বের হয়ে আমাদের সম্ভাবনাময় অপরাপর খাতকে পরিচর্যা করে সেগুলোকে আন্তর্জাতিক পর্যায়ে সক্ষম করে আমাদের এলডিসি থেকে উত্তরণ পরবর্তী বিকল্প হিসেবে দাঁড় করানো দরকার। একবার আমরা যখন পুরোপুরি উন্নয়নশীল দেশ হিসেবে

বাংলাদেশের রফতানি আয়ের ৫০ ভাগের বেশি আসে ইউরোপীয় ইউনিয়নভুক্ত ২৭ দেশ থেকে। ২০২৫ সালে ইউরোপীয় ইউনিয়নই তাদের বাণিজ্য প্রতিবেদনে জানিয়েছে, বাংলাদেশ তাদের ৩৫তম বড় বাণিজ্য সহযোগী। এ দুই পক্ষই বর্তমান অংশীদারত্ব ও পারস্পরিক সহযোগিতা চুক্তি (পার্টনারশিপ অ্যান্ড কো-অপারেশন এগ্রিমেন্ট-পিসিএ) করার জন্য জোর কূটনৈতিক তৎপরতা চালিয়ে যাচ্ছে। এলডিসি উত্তরণের আগে ইউরোপীয় ইউনিয়নের সঙ্গে এ ধরনের চুক্তি গড়ে তোলার অর্থনৈতিক সম্ভাবনা বহুমুখী। বর্তমানে অবশ্য যুক্তরাষ্ট্র ও চীন বাড়তি গুরুত্ব পাচ্ছে। কিন্তু ইউরোপীয় ইউনিয়নের দিকে আমাদের মনোযোগ বেশি হওয়া জরুরি।

ইউরোপীয় ইউনিয়ন থেকে রফতানি আয়ের প্রধান উৎস তৈরি পোশাক। সমস্যা হলো সাম্প্রতিক সময়ে ইউরোপে আমাদের দেশের তৈরি পোশাকের বাজার ক্রমেই ছোট হয়ে আসছে। বিগত দুই বছরে আগের বছরগুলোর তুলনায় এ খাতে রফতানি আয় অনেকটাই কমেছে। বিশেষ করে ১৫টি দেশ, যারা এতদিন ধরে বড় ক্রেতা ছিল, তাদের দিক থেকে চাহিদা আগের তুলনায় অনেকটা কমেছে। ইউরোস্ট্যাটের তথ্য অনুযায়ী, ২০২৬ সালের জানুয়ারি থেকে এপ্রিল পর্যন্ত সময়ে ৬০৯ কোটি ইউরোর তৈরি পোশাক রফতানি হয়েছে, যা আগের বছরের একই সময়ে ছিল ৭৫৫ কোটি ইউরো। কিছু দেশে অবশ্য রফতানি বাড়লেও সেগুলোর বাজার বেশ ছোট, যা মোট রফতানি ঘাটতিকে পূরণ করে না। একক দেশ হিসেবে জার্মানি ছিল এই তৈরি পোশাকের বড় ক্রেতা। যুক্তরাষ্ট্রের পরই জার্মানি থেকে এ খাতে সবচেয়ে বেশি বৈদেশিক মুদ্রা আহরণ হতো। ২০২৪-২৫ অর্থবছরের তুলনায় ২০২৫-২৬ অর্থবছরে জার্মানি থেকে রফতানি আয় ৪৯৫ কোটি ডলার থেকে কমে ৪৩৮ কোটি ডলারে নেমেছে। এটা দুশ্চিন্তার বিষয়।

ইউরোপীয় ইউনিয়নে তৈরি পোশাক রফতানি কমার জন্য যে কারণগুলোকে দায়ী করা হচ্ছে, এর মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে অপরাপর উদীয়মান দেশের তুলনায় প্রতিযোগিতায় আমরা পিছিয়ে পড়ছি। তৈরি পোশাক রফতানির দিক থেকে চীন বরাবরই শীর্ষ অবস্থানে ছিল। তারা বাজারে নিজ অবস্থান ধরে রাখার পাশাপাশি রফতানি আয় বাড়াতে সক্ষম হয়েছে। যদিও সার্বিক বিবেচনায় ইউরোপে আগের তুলনায় ক্রেতার সংখ্যা কমেছে, চীনসহ কয়েকটি দেশ প্রতিযোগিতায় নিজেদের অবস্থান ধরে রাখতে সক্ষম হয়েছে। ইউরোপের বাজার সংকুচিত হওয়ার কারণে ভারত কিছুটা ক্ষতিগ্রস্ত হলেও তা বাংলাদেশের তুলনায় কম। এদিকে ভিয়েতনামও আগের অবস্থান ধরে রাখতে সফল।

২০২১ সালে জাতিসংঘ কর্তৃক বাংলাদেশ স্বল্পোন্নত দেশের কাতার থেকে বের হয়ে উন্নয়নশীল দেশ হিসেবে স্বীকৃত হয়েছে। এক্ষেত্রে পাঁচ বছরের একটি ট্রানজিশন (রূপান্তর) সময়কাল, অর্থাৎ ২০২৬ সাল পর্যন্ত এই সময়কে প্রস্তুতিমূলক সময় হিসেবে অনুমোদন করা হয়েছে। এ বছর এ সময় উত্তীর্ণ হবে। ফলে বাংলাদেশ বহির্বিশ্বের যেসব দেশে অগ্রাধিকারমূলক শুল্কমুক্ত বাণিজ্যিক সুবিধা পেত, তা আর পাবে না। ইউরোপ অনেকটা মানবিক কারণে এ সময় অতিক্রান্ত হওয়ার পরও আরো অতিরিক্ত তিন বছর সময় মঞ্জুর করেছে। এ সময়ের মধ্যে তাদের এভরিথিং বাট আর্মস (ইবিএ) কর্মসূচির আওতায় ইউরোপের সঙ্গে বাণিজ্যিক সুবিধা পেতে থাকবে বাংলাদেশ। কিন্তু আধুনিক বিশ্ব বাণিজ্যের হিসেবে এটা শুধু প্রস্তুতিকাল।

নিঃসন্দেহে স্বল্পোন্নত দেশ থেকে উত্তরণ যেকোনো দেশের জন্য একটি স্বস্তিদায়ক প্রাপ্তি। এর মধ্য দিয়ে একটি দেশের আন্তর্জাতিক পরিসরে বিশেষ সুবিধা ছাড়া নিজেদের পণ্যের মানোন্নয়নের মধ্য দিয়ে আন্তর্জাতিক প্রতিযোগিতার সক্ষমতাকে স্বীকৃতি দেয়া ছাড়াও বাণিজ্য ও বিনিয়োগে অপরাপর দেশগুলোর একধরনের আস্থার প্রতিফলন ঘটে। এ বিবেচনায় কিছু চ্যালেঞ্জ থাকলেও বাংলাদেশের আগামীর অর্থনীতিকে চাঙ্গা করতে এবং উন্নত দেশগুলোর সঙ্গে অর্থনীতিকে একই সূত্রে গাথার এটি একটি বড় সুযোগ বটে। দেশের ভেতর আরো বড় অর্থনৈতিক বিনিয়োগে এবং বেশি অংকের বিনিয়োগ প্রাপ্তির একধরনের নিশ্চয়তাও এর মধ্যে। তবে এ মুহূর্তে এ প্রাপ্তি যেন আমাদের জন্য কিছুটা সমস্যা সৃষ্টি করে ফেলেছে। এর সবচেয়ে বড় কারণ হচ্ছে গত দুই বছরে দেশের অভ্যন্তরীণ রাজনৈতিক পরিবর্তনের ফলে অনেক অর্থ অবৈধ পথে দেশের বাইরে চলে গেছে। ফলে ব্যাংকগুলোতে সৃষ্টি হয়েছে তারল্য সংকট, সেই সঙ্গে বিদ্যমান অনেক অর্থনৈতিক প্রতিষ্ঠান বন্ধ হয়ে যাওয়ার পাশাপাশি ব্যাপক আকারে সরাসরি বৈদেশিক বিনিয়োগ কমে গেছে। এসব কিছু ইউরোপসহ বহির্বিশ্বে আমাদের বাণিজ্যে প্রভাব সৃষ্টি করে থাকতে পারে।

একই সঙ্গে এও বলা সংগত হবে যে বিশ্ব অর্থনীতি আগের অবস্থায় নেই। কয়েক বছর ধরে ইউক্রেন-রাশিয়া যুদ্ধের সঙ্গে মধ্যপ্রাচ্যের ঘনীভূত সংকট আরো ঘনীভূত হয়েছে ইরানের সঙ্গে যুক্তরাষ্ট্রের যুদ্ধের মধ্য দিয়ে। ফলে গোটা বিশ্বের অর্থনীতিই এক বড় ধরনের ধাক্কার মধ্য দিয়ে যাচ্ছে। চীন ও ভারতের মতো দেশের রয়েছে বিশাল বাজার, যার মধ্য দিয়ে তারা পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিষয়গুলো নিয়ে যতটা দরকষাকষির সামর্থ্য রাখে, সেই সুযোগটা আমাদের জন্য সীমিত। তবে একই সঙ্গে আমাদের জন্য এটাও সত্য যে তৈরি পোশাক শিল্পে বর্তমানে যে সংকট চলছে এটিতে বিশেষ নজর দেয়া জরুরি হয়ে পড়েছে। ভিয়েতনামের মতো দেশ, যারা পোশাক রফতানির দিক দিয়ে আমাদের চেয়ে পিছিয়ে ছিল, এ খাতে নিজেদের সামর্থ্য ধরে রাখার পাশাপাশি তাদের সরকারও বিষয়টি নিয়ে বিশেষ যত্নশীল। সেই সঙ্গে কম্বোডিয়ার পোশাক খাতের কমপ্লায়েন্সের বিষয়টি বিবেচনা করলে, তারা এই দিক দিয়ে যথেষ্ট সন্তোষজনক অবস্থানে রয়েছে। আমাদের কমপ্লায়েন্সের পাশাপাশি এক্ষেত্রে ত্রিপক্ষীয় (ক্রেতা-সরকার ও শ্রমিক সংগঠনের মধ্যে) একটি শক্তিশালী যোগাযোগের ভিত্তি তৈরি করতে হবে। সরকারের দিক থেকে অর্থনীতির স্বার্থে ব্যবসায়ীদের রাজনৈতিক বিবেচনার ঊর্ধ্বে রাখাটাও বিবেচনায় নিতে হবে, কেননা দিনশেষে এর মধ্য দিয়ে কর্মহীন হচ্ছে শ্রমিক এবং দেশ হারাচ্ছে গুরুত্বপূর্ণ রফতানি আয়।

পরিস্থিতির উন্নয়ন না ঘটলে বর্তমানে ইউরোপ থেকে ক্রমাবনতিশীল রফতানি আয়ের সঙ্গে ২০২৯ সালের পর বাংলাদেশ ইউরোপের বাজার থেকে ইবিএ সুবিধা হারালে অর্থনীতি আরো জটিল আকার ধারণ করবে। এ ধারা চলতে থাকলে ধারণা করা যায়, প্রতি বছর বাংলাদেশ আরো ৮০০ কোটি ডলার রফতানি আয় হারাবে, যা ভয়ংকর ব্যাপার হয়ে দাঁড়াবে। পরিস্থিতির উত্তরণে এবং বাড়তি সুবিধা অব্যাহত রাখতে বাংলাদেশের একমাত্র উপায় হচ্ছে ইউরোপে জিএসপি (জেনারাইলজড সিস্টেম অব প্রেফারেন্সেস) প্লাস সুবিধার জন্য আবেদন করা। এটি রফতানি আয়কে সুরক্ষা দিলেও এর প্রাপ্তি নির্ভর করছে দেশের ভেতর শ্রম অধিকার, পরিবেশ সুরক্ষা, সুশাসন ও মানবাধিকারসংক্রান্ত আন্তর্জাতিক ২৭টি মূল কনভেনশন অনুসমর্থন এবং এর বাস্তবায়ন নিশ্চিত করা। সুতরাং এক্ষেত্রে বেসরকারি বিনিয়োগের পাশাপাশি সরকারের দিক থেকে আইনি বিধিবিধান এবং সুরক্ষাগুলো নিশ্চিতকল্পে প্রয়োজনীয় ভূমিকা রাখতে হবে।

আমাদের একটি বড় সীমাবদ্ধতা হলো মাত্র একটি খাতের ওপর নির্ভর করে বাণিজ্যিক সম্পর্ক গড়তে চাচ্ছি। এমনটা মোটেও ঠিক নয়। ইউরোপের দেশগুলোতে বাংলাদেশের তৈরি পোশাকের বাইরে এতদিন ধরে সবচেয়ে গুরুত্বপূর্ণ বলে বিবেচিত হতো হিমায়িত চিংড়ি। বর্তমানে তৈরি পোশাকের ক্রেতা কমে যাওয়ার ফলে আমাদের অন্যান্য রফতানি পণ্যের সক্ষমতাগুলো আরো বাড়িয়ে সেগুলোর গন্তব্যকে ইউরোপ ও এর বাইরের দেশগুলোতে পাঠানোর বিষয়ে কার্যকর উদ্যোগ নেয়া জরুরি। ইইউভুক্ত যেসব দেশে আমাদের তৈরি পোশাকের চাহিদা

এরপর » পৃষ্ঠা ৪

আগে থেকেই কম ছিল, সেখানে কিন্তু আমাদের ফার্মাসিউটিক্যালসগুলো কর্তৃক তৈরি ওষুধের যথেষ্ট চাহিদা রয়েছে বলা জানা যায়। এ সম্ভাবনাময় খাতটিকে সরকারিভাবে পৃষ্ঠপোষকতা দিলে আমাদের জন্য ভালো ফল আসতে পারে। তাছাড়া চামড়া ও চামড়াজাত পণ্য রফতানি করে অনেক বেশি বৈদেশিক মুদ্রা অর্জন করা সম্ভব। বাংলাদেশে যে পরিমাণ চামড়া প্রক্রিয়ার অভাবে প্রতি বছর নষ্ট হয়, তা বেশ উদ্বেগজনক। এ শিল্পের মানোন্নয়নে সরকারি-বেসরকারি যৌথ উদ্যোগ অত্যন্ত গুরুত্বপূর্ণ। বাংলাদেশের অনেক উদ্বৃত্ত খাদ্যশস্য সীমিত পরিসরে হলেও রফতানির চেষ্টা করা যায়। সেই সঙ্গে আমাদের মৌসুমি ফল, যার মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে আম এবং কাঁঠাল, এগুলো রফতানিতে সরকারের বিশেষ মনোযোগী হওয়া দরকার। আমাদের বাজারে অনেক বিদেশী ফল বিক্রি হলেও গুণে-মানে আমাদের অনেক দেশীয় ফল বৈদেশিক বাজারে প্রতিযোগিতার সক্ষমতা রাখে। এই খাতটি থেকে অনেক বৈদেশিক মুদ্রা অর্জন করা সম্ভব।

গত শতাব্দীর শেষদিকে তৈরি পোশাক খাতটি একপর্যায়ে আমাদের অর্থনীতির প্রধান প্রাণসঞ্চারী হিসেবে আবির্ভূত হয়েছিল। আমাদের মনে রাখা দরকার যে সময় যেমন পরিবর্তনশীল, সময়ের সঙ্গে সঙ্গে মানুষের চাহিদা, রুচি ও আন্তর্জাতিক রাজনীতি গুরুত্বপূর্ণ নিয়ামক হিসেবে ভূমিকা রাখে। এসব বিবেচনায় কেবল দুএকটি খাতের ওপর নির্ভরতা থেকে বের হয়ে আমাদের সম্ভাবনাময় অপরাপর খাতকে পরিচর্যা করে সেগুলোকে আন্তর্জাতিক পর্যায়ে সক্ষম করে আমাদের এলডিসি থেকে উত্তরণ পরবর্তী বিকল্প হিসেবে দাঁড় করানো দরকার। একবার আমরা যখন পুরোপুরি উন্নয়নশীল দেশ হিসেবে সব আন্তর্জাতিক বাজার থেকে শুল্কমুক্ত সুবিধা হারাতে থাকব, আমাদের মনে রাখতে হবে যে পেছনে ফিরে যাওয়ার আর পথ অবশিষ্ট থাকবে না। বর্তমানে একক দেশ হিসেবে মার্কিন বাজারে এখনো আমাদের পণ্য রফতানি সবচেয়ে বেশি হচ্ছে কিন্তু ডোনাল্ড ট্রাম্প কর্তৃক আরোপিত শুল্কের গ্যাঁড়াকলে আমরা কতদিন নিজেদের মানিয়ে নিতে পারব, সেটা একটা বড় প্রশ্ন। সুতরাং অন্যত্র নতুন বাজার খুঁজে বের করা যেমন জরুরি, ইউরোপীয় দেশগুলোর সঙ্গেও আমাদের বাণিজ্যের আরো বিকল্প খাত অন্বেষণ করা সমান গুরুত্বপূর্ণ।

লেখক: অধ্যাপক, আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

বণিক বার্তা
24 AUG 2026

ইউরোপের বাজারে চিংড়ির হারানো দখল ফেরানোর বড় সুযোগ

সৈয়দ ইসতিয়াক

বাংলাদেশ থেকে ইউরোপের বাজারে চিংড়ি রফতানির ইতিহাস শুরু হয় ১৯৭০-এর দশক থেকে। এরপর ১৯৮০-এর দশকের শেষের দিকে এবং ১৯৯০-এর দশকের শুরুতে ইউরোপীয় ইউনিয়নের কড়া নিয়মকানুন বা রেগুলেশনের অধীনে রফতানি প্রক্রিয়া আরো কাঠামোগত রূপ নেয়।

২০০০ সালের পর থেকে এ রফতানি উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেতে শুরু করে। বিশেষ করে ২০০৬ থেকে ২০০৮ সাল ছিল এ খাতের জন্য অত্যন্ত সুবর্ণ সময়। পরবর্তী সময়ে ২০০৯, ২০১০ ও ২০১১ সালে বাংলাদেশ থেকে বিপুল পরিমাণ চিংড়ি রফতানি হয়।

২০০৯-১১ অর্থবছর: বার্ষিক প্রায় ৩২ হাজার ৩৬৬ টন (যার মূল্য ১৭৩ মিলিয়ন ডলার) থেকে ৩৫ হাজার টন চিংড়ি ইউরোপে রফতানি হয়।

২০১২-১৫ সময়কাল: এ সময়ে রফতানির পরিমাণ ৩৫-৩৬ হাজার টনে বজায় ছিল।

২০১৮ সাল: এ বছরে বাংলাদেশ সর্বোচ্চ ৩৫৭ মিলিয়ন ডলার মূল্যের চিংড়ি ইউরোপে রফতানি করে, যা ছিল মোট চিংড়ি রফতানির প্রায় ৮০ শতাংশ।

বর্তমান বাজারের চিত্র ও ইউরোপের গুরুত্ব

বাংলাদেশের চিংড়ি রফতানির ক্ষেত্রে ইউরোপীয় ইউনিয়ন অন্যতম প্রধান স্তম্ভ। বিশ্ববাজারে বাংলাদেশ যত চিংড়ি রফতানি করে, তার ৬০-৭৯ শতাংশই যায় ইউরোপের বাজারে।

তবে সাম্প্রতিক সময়ে রফতানি অনেক হ্রাস পেয়েছে। ২০২৫-২৬ অর্থবছরে ইউরোপে সামগ্রিক চিংড়ির চাহিদা অত্যন্ত বেশি থাকা সত্ত্বেও যেখানে ইউরোপীয় ইউনিয়ন গত বছর প্রায় ৩ লাখ ২৯ হাজার ১৪৬ টন হিমায়িত চিংড়ি এবং ১ লাখ ৩৫ হাজার ৪৩৩ টন অন্যান্য চিংড়ি আমদানি করেছে, সেখানে বাংলাদেশের রফতানির পরিমাণ ব্যাপকভাবে কমে গেছে।

২০২৪-২৫ সালে যেখানে মোট রফতানি ছিল প্রায়

২৮ হাজার টন, সেখানে ২০২৫-২৬ অর্থবছরে বাংলাদেশ ইউরোপে মাত্র ১৪ হাজার ১০১ টন হিমায়িত চিংড়ি রফতানি করতে পেরেছে।

বর্তমান সংকটের প্রধান কারণ ও চ্যালেঞ্জগুলো

ইউরোপের বাজারে আমাদের চিংড়ি রফতানি কমে যাওয়ার পেছনে আন্তর্জাতিক ভূরাজনীতি, বৈশ্বিক অর্থনৈতিক মন্দা এবং অভ্যন্তরীণ উৎপাদন ব্যবস্থার দুর্বলতা দায়ী।

বৈশ্বিক ও অর্থনৈতিক চ্যালেঞ্জ

মন্দা ও মূল্য হ্রাস: ইউক্রেন যুদ্ধ, আন্তর্জাতিক বাজারে তেলের দাম বৃদ্ধি এবং বৈশ্বিক আর্থিক মন্দার কারণে ইউরোপে চিংড়ির বাজারমূল্য কমে গেছে।

প্রাকৃতিক বিপর্যয়: ইউরোপে তীব্র খরা ও দাবদাহের কারণে স্থানীয় কনজামশন বা চিংড়ি ক্রয়ের আগ্রহ হ্রাস পেয়েছে।

ভেনামি চিংড়ির আধিপত্য: কম দামের কারণে ইউরোপের ক্রেতারা আমাদের দামি ব্ল্যাক টাইগার (বাগদা) ছেড়ে সস্তা 'ভেনামি' (Litopenaeus vannamei) চিংড়ির দিকে ঝুঁকছেন।

তীব্র আন্তর্জাতিক প্রতিযোগিতা: আমেরিকা ভারতের ওপর বাণিজ্যিক শুল্ক আরোপ করায় ভারত তাদের বিশাল বাগদা চিংড়ি উৎপাদন ইউরোপের বাজারে রূপান্তর করেছে। এছাড়া ভিয়েতনাম ও ভারতের প্রচুর উৎপাদনের কারণে বাংলাদেশ প্রতিযোগিতায় পিছিয়ে পড়ছে।

অভ্যন্তরীণ উৎপাদন ও কাঠামোগত সমস্যা

সনাতন চাষ পদ্ধতি: বাংলাদেশে এখনো ৯৯ শতাংশ চিংড়ি চাষ প্রাচীন বা সনাতন পদ্ধতিতে করা হয়। ঘেরগুলোর গভীরতা মাত্র এক-দেড় ফুট হওয়ায় অতিরিক্ত গরমে সহজেই ভাইরাস ছড়িয়ে পড়ে।

হোয়াইট স্পট ভাইরাসের আক্রমণ: 'হোয়াইট স্পট সিনড্রোম ভাইরাস'-এর কারণে ঘেরে চিংড়ির ব্যাপক মড়ক দেখা দেয়।

পোনা পরিবহনে ত্রুটি: কক্সবাজার থেকে সাতক্ষীরা ও খুলনা অঞ্চলে বাগদা চিংড়ির পোনা একসময় বিমানে আসত, যা এখন ট্রাকে ১০-১২ ঘণ্টা পরিবহনের কারণে প্রচণ্ড ধকল বা স্ট্রেসের মুখে পড়ে, ফলে ঘেরে ছাড়ার পর এগুলো দ্রুত রোগে আক্রান্ত হয়।

নিম্ন উৎপাদনশীলতা: অপর্যাপ্ত খাবার ও চাষীদের আধুনিক প্রযুক্তিগত জ্ঞানের অভাবে বাংলাদেশে হেক্টরপ্রতি চিংড়ির উৎপাদন মাত্র ৫০০ কেজি, অথচ প্রতিবেশী দেশগুলোতে আধা-নিবিড় (সেমি-ইনটেনসিভ) পদ্ধতিতে হেক্টরপ্রতি উৎপাদন প্রায় ১২-১৩ হাজার কেজি।

চাষী পর্যায়ে সুযোগ-সুবিধার অভাব: প্রান্তিক চাষীরা বিদ্যুৎ সুবিধা, ব্যাংক ঋণ, মানসম্মত পোনা, সুলভ মূল্যে খাদ্য এবং প্রয়োজনীয় প্রযুক্তিগত সহায়তা পান না।

অভ্যন্তরীণ চাহিদা বৃদ্ধি: দেশে চিংড়ি মাছের

এরপর » পৃষ্ঠা ৪

স্থানীয় চাহিদা ও ভোগ বৃদ্ধি পাওয়ায় চাষী পর্যায়ে মাছের দাম বেড়েছে, যা আন্তর্জাতিক রফতানি মূল্যের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হচ্ছে না।

সম্ভাবনা ও উত্তরণের উপায়

চ্যালেঞ্জ থাকা সত্ত্বেও ইউরোপের বাজারে বাংলাদেশের বাগদা চিংড়ির বিশাল সম্ভাবনা রয়েছে, যা সঠিক পরিকল্পনার মাধ্যমে কাজে

ইউরোপের বাজারে আমাদের চিংড়ি প্রচারের জন্য কোনো সুনির্দিষ্ট ডেস্ক বা স্থায়ী উইং নেই। শেনজেন জোনের সুবিধা নিয়ে ইউরোপের একটি কেন্দ্রবিন্দুতে যদি প্রচার ও ব্র্যান্ডিং ক্যাম্পেইন চালানো যায়, তবে রফতানি অনেক বাড়ানো সম্ভব।

পণ্য বহুমুখীকরণ ও সার্টিফিকেশন

ইউরোপের ক্রেতারা বর্তমানে বহুবিধ ও

(যেমনটি চীন বা ইন্দোনেশিয়া করে) গ্রহণ করা যেতে পারে।

সরকারি নীতি সহায়তা ও খরচ হ্রাস

শিপমেন্ট ও ট্রান্সপোর্টেশন খরচ অনেক বেশি। সরকার যদি রফতানিকারক ও প্রসেসরদের নীতি সহায়তা দেয় এবং চুক্তিভিত্তিক চাষের মাধ্যমে কাঁচামাল উৎপাদন বাড়াতে সাহায্য করে, তবে দেশের চিংড়ি রফতানি ১ বিলিয়ন ডলারের

ইউরোপের বাজারে চিংড়ির হারানো দখল ফেরানোর বড় সুযোগ

সৈয়দ ইসতিয়াক

বাংলাদেশ থেকে ইউরোপের বাজারে চিংড়ি রফতানির ইতিহাস শুরু হয় ১৯৭০-এর দশক থেকে। এরপর ১৯৮০-এর দশকের শেষের দিকে এবং ১৯৯০-এর দশকের শুরুতে ইউরোপীয় ইউনিয়নের কড়া নিয়মকানুন বা রেগুলেশনের অধীনে রফতানি প্রক্রিয়া আরো কাঠামোগত রূপ নেয়।

২০০০ সালের পর থেকে এ রফতানি উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেতে শুরু করে। বিশেষ করে ২০০৬ থেকে ২০০৮ সাল ছিল এ খাতের জন্য অত্যন্ত সুবর্ণ সময়। পরবর্তী সময়ে ২০০৯, ২০১০ ও ২০১১ সালে বাংলাদেশ থেকে বিপুল পরিমাণ চিংড়ি রফতানি হয়।

২০০৯-১১ অর্থবছর: বার্ষিক প্রায় ৩২ হাজার ৩৬৬ টন (যার মূল্য ১৭৩ মিলিয়ন ডলার) থেকে ৩৫ হাজার টন চিংড়ি ইউরোপে রফতানি হয়।

২০১২-১৫ সময়কাল: এ সময়ে রফতানির পরিমাণ ৩৫-৩৬ হাজার টনে বজায় ছিল।

২০১৮ সাল: এ বছরে বাংলাদেশ সর্বোচ্চ ৩৫৭ মিলিয়ন ডলার মূল্যের চিংড়ি ইউরোপে রফতানি করে, যা ছিল মোট চিংড়ি রফতানির প্রায় ৮০ শতাংশ।

বর্তমান বাজারের চিত্র ও ইউরোপের গুরুত্ব

বাংলাদেশের চিংড়ি রফতানির ক্ষেত্রে ইউরোপীয় ইউনিয়ন অন্যতম প্রধান স্তম্ভ। বিশ্ববাজারে বাংলাদেশ যত চিংড়ি রফতানি করে, তার ৬০-৭৯ শতাংশই যায় ইউরোপের বাজারে।

তবে সাম্প্রতিক সময়ে রফতানি অনেক হ্রাস পেয়েছে। ২০২৫-২৬ অর্থবছরে ইউরোপে সামগ্রিক চিংড়ির চাহিদা অত্যন্ত বেশি থাকা সত্ত্বেও যেখানে ইউরোপীয় ইউনিয়ন গত বছর প্রায় ৩ লাখ ২৯ হাজার ১৪৬ টন হিমায়িত চিংড়ি এবং ১ লাখ ৩৫ হাজার ৪৩৩ টন অন্যান্য চিংড়ি আমদানি করেছে, সেখানে বাংলাদেশের রফতানির পরিমাণ ব্যাপকভাবে কমে গেছে।

২০২৪-২৫ সালে যেখানে মোট রফতানি ছিল প্রায়

২৮ হাজার টন, সেখানে ২০২৫-২৬ অর্থবছরে বাংলাদেশ ইউরোপে মাত্র ১৪ হাজার ১০১ টন হিমায়িত চিংড়ি রফতানি করতে পেরেছে।

বর্তমান সংকটের প্রধান কারণ ও চ্যালেঞ্জগুলো

ইউরোপের বাজারে আমাদের চিংড়ি রফতানি কমে যাওয়ার পেছনে আন্তর্জাতিক ভূরাজনীতি, বৈশ্বিক অর্থনৈতিক মন্দা এবং অভ্যন্তরীণ উৎপাদন ব্যবস্থার দুর্বলতা দায়ী।

বৈশ্বিক ও অর্থনৈতিক চ্যালেঞ্জ

মন্দা ও মূল্য হ্রাস: ইউক্রেন যুদ্ধ, আন্তর্জাতিক বাজারে তেলের দাম বৃদ্ধি এবং বৈশ্বিক আর্থিক মন্দার কারণে ইউরোপে চিংড়ির বাজারমূল্য কমে গেছে।

প্রাকৃতিক বিপর্যয়: ইউরোপে তীব্র খরা ও দাবদাহের কারণে স্থানীয় কনজামশন বা চিংড়ি ক্রয়ের আগ্রহ হ্রাস পেয়েছে।

ভেনামি চিংড়ির আধিপত্য: কম দামের কারণে ইউরোপের ক্রেতারা আমাদের দামি ব্ল্যাক টাইগার (বাগদা) ছেড়ে সস্তা 'ভেনামি' (Litopenaeus vannamei) চিংড়ির দিকে ঝুঁকছেন।

তীব্র আন্তর্জাতিক প্রতিযোগিতা: আমেরিকা ভারতের ওপর বাণিজ্যিক শুল্ক আরোপ করায় ভারত তাদের বিশাল বাগদা চিংড়ি উৎপাদন ইউরোপের বাজারে রূপান্তর করেছে। এছাড়া ভিয়েতনাম ও ভারতের প্রচুর উৎপাদনের কারণে বাংলাদেশ প্রতিযোগিতায় পিছিয়ে পড়ছে।

অভ্যন্তরীণ উৎপাদন ও কাঠামোগত সমস্যা

সনাতন চাষ পদ্ধতি: বাংলাদেশে এখনো ৯৯ শতাংশ চিংড়ি চাষ প্রাচীন বা সনাতন পদ্ধতিতে করা হয়। ঘেরগুলোর গভীরতা মাত্র এক-দেড় ফুট হওয়ায় অতিরিক্ত গরমে সহজেই ভাইরাস ছড়িয়ে পড়ে।

হোয়াইট স্পট ভাইরাসের আক্রমণ: 'হোয়াইট স্পট সিনড্রোম ভাইরাস'-এর কারণে ঘেরে চিংড়ির ব্যাপক মড়ক দেখা দেয়।

পোনা পরিবহনে ত্রুটি: কক্সবাজার থেকে সাতক্ষীরা ও খুলনা অঞ্চলে বাগদা চিংড়ির পোনা একসময় বিমানে আসত, যা এখন ট্রাকে ১০-১২ ঘণ্টা পরিবহনের কারণে প্রচণ্ড ধকল বা স্ট্রেসের মুখে পড়ে, ফলে ঘেরে ছাড়ার পর এগুলো দ্রুত রোগে আক্রান্ত হয়।

নিম্ন উৎপাদনশীলতা: অপর্যাপ্ত খাবার ও চাষীদের আধুনিক প্রযুক্তিগত জ্ঞানের অভাবে বাংলাদেশে হেক্টরপ্রতি চিংড়ির উৎপাদন মাত্র ৫০০ কেজি, অথচ প্রতিবেশী দেশগুলোতে আধা-নিবিড় (সেমি-ইনটেনসিভ) পদ্ধতিতে হেক্টরপ্রতি উৎপাদন প্রায় ১২-১৩ হাজার কেজি।

চাষী পর্যায়ে সুযোগ-সুবিধার অভাব: প্রান্তিক চাষীরা বিদ্যুৎ সুবিধা, ব্যাংক ঋণ, মানসম্মত পোনা, সুলভ মূল্যে খাদ্য এবং প্রয়োজনীয় প্রযুক্তিগত সহায়তা পান না।

অভ্যন্তরীণ চাহিদা বৃদ্ধি: দেশে চিংড়ি মাছের

এরপর » পৃষ্ঠা ৪

স্থানীয় চাহিদা ও ভোগ বৃদ্ধি পাওয়ায় চাষী পর্যায়ে মাছের দাম বেড়েছে, যা আন্তর্জাতিক রফতানি মূল্যের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হচ্ছে না।

সম্ভাবনা ও উত্তরণের উপায়

চ্যালেঞ্জ থাকা সত্ত্বেও ইউরোপের বাজারে বাংলাদেশের বাগদা চিংড়ির বিশাল সম্ভাবনা রয়েছে, যা সঠিক পরিকল্পনার মাধ্যমে কাজে লাগানো সম্ভব।

'ন্যাচারালি গ্রোন' বা প্রাকৃতিক চিংড়ির ব্র্যান্ডিং

বাংলাদেশের বাগদা চিংড়ি বড় বড় ঘেরে প্রাকৃতিকভাবে বড় হয়, যেখানে কৃত্রিম খাবার বা ফার্টিলাইজার ব্যবহার করা হয় না। এর ফলে আমাদের চিংড়ির স্বাদ অনন্য এবং এটি প্রায় 'ওয়াইল্ড টেস্ট' বা প্রাকৃতিক স্বাদের। ইউরোপীয় ইউনিয়নের পরিদর্শকরাও এ স্বাদের প্রশংসা করেছেন। আমরা যদি এটিকে 'ন্যাচারালি গ্রোন' হিসেবে আন্তর্জাতিক বাজারে ব্র্যান্ডিং করতে পারি, তবে ইউরোপের বাজার থেকে প্রিমিয়াম প্রাইস আদায় করা সম্ভব।

ইউরোপে ডেডিকেটেড ডেক্স ও ব্রান্ডিং উদ্যোগ

ইউরোপের বাজারে আমাদের চিংড়ি প্রচারের জন্য কোনো সুনির্দিষ্ট ডেস্ক বা স্থায়ী উইং নেই। শেনজেন জোনের সুবিধা নিয়ে ইউরোপের একটি কেন্দ্রবিন্দুতে যদি প্রচার ও ব্র্যান্ডিং ক্যাম্পেইন চালানো যায়, তবে রফতানি অনেক বাড়ানো সম্ভব।

পণ্য বহুমুখীকরণ ও সার্টিফিকেশন

ইউরোপের ক্রেতারা বর্তমানে বহুবিধ ও ডাইভার্সিফায়েড ভ্যালু অ্যাডেড প্রডাক্ট চান। একই সঙ্গে চিংড়ি উৎপাদনের ক্ষেত্রটির নির্ভরযোগ্যতা (Traceability) এবং আন্তর্জাতিকভাবে সার্টিফায়েড বা মানসম্মত কোয়ালিটি বজায় রাখা জরুরি।

'ইম্পোর্ট টু এক্সপোর্ট' পলিসি

চিংড়ি প্রক্রিয়াজাত কারখানাগুলো বর্তমানে কাঁচামালের অভাবে তাদের মোট উৎপাদন ক্ষমতার মাত্র ১০-১৫ শতাংশ ব্যবহার করতে পারছে। এ সক্ষমতা বাড়াতে এবং কারখানাগুলোকে লাভজনক করতে কাঁচামাল আমদানি করে, সেটিকে ভ্যালু অ্যাডিশনের মাধ্যমে পুনরায় রফতানি করার নীতি (যেমনটি চীন বা ইন্দোনেশিয়া করে) গ্রহণ করা যেতে পারে।

সরকারি নীতি সহায়তা ও খরচ হ্রাস

শিপমেন্ট ও ট্রান্সপোর্টেশন খরচ অনেক বেশি। সরকার যদি রফতানিকারক ও প্রসেসরদের নীতি সহায়তা দেয় এবং চুক্তিভিত্তিক চাষের মাধ্যমে কাঁচামাল উৎপাদন বাড়াতে সাহায্য করে, তবে দেশের চিংড়ি রফতানি ১ বিলিয়ন ডলারের সরকারি লক্ষ্যমাত্রায় পৌঁছানো সম্ভব হবে।

বাংলাদেশের চিংড়ি খাতকে টিকিয়ে রাখতে এবং ইউরোপের বাজারে আমাদের অবস্থান পুনরুদ্ধার করতে হলে মাঠপর্যায়ের চাষীদের প্রযুক্তিগত ও আর্থিক সহায়তা প্রদান, ভাইরাসমুক্ত মানসম্মত পোনা সরবরাহ এবং বিশ্ববাজারে প্রাকৃতিক চিংড়ি হিসেবে সঠিক ব্র্যান্ডিং প্রয়োজন। তবেই যথাযথ মর্যাদার সঙ্গে এবং কাঙ্ক্ষিত মূল্যে বিশ্ব দরবারে বাংলাদেশের চিংড়ি রফতানি পুনরায় গতিশীল হবে।

লেখক: বিজনেস ডিরেক্টর, এসিআই এগ্রোলিংক লিমিটেড

বণিক বার্তা
24 AUG 2026

ইউরোপের বাইসাইকেল বাজারে ১৫০ বিলিয়ন ডলারের সম্ভাবনা

» ১৯৯৯ সালে বাইসাইকেল রফতানির ভিত্তি
» মেঘনা গ্রুপের চেয়ারম্যান মিজানুর রহমান ভূঁইয়ার উদ্যোগ
» প্রথম ক্রয়াদেশ যুক্তরাজ্যের

নিজস্ব প্রতিবেদক

স্বাধীনতার পর বাংলাদেশে বাইসাইকেলভিত্তিক তেমন কোনো শিল্প-কারখানা ছিল না। এক কথায় বাইসাইকেল ছিল প্রায় আমদানিনির্ভর পণ্য। নব্বইয়ের দশকের শেষ দিকে এ চিত্র বদলাতে শুরু করে। ১৯৯৯ সালে মেঘনা গ্রুপের চেয়ারম্যান মোহাম্মদ মিজানুর রহমান ভূঁইয়ার নিজস্ব উদ্যোগে বাংলাদেশ থেকে বাইসাইকেল রফতানির ভিত্তি স্থাপিত হয়। যুক্তরাজ্যের বাজারে আমদানিকারক প্রতিষ্ঠান কনসেপ্ট সাইক্লিংয়ের কাছে প্রথম এক হাজার ইউনিট বাইসাইকেল রফতানির আদেশ পাওয়ার মধ্য দিয়ে শুরু হয় এ যাত্রা।

এরপর ধারাবাহিকভাবে খাতটি এগোতে থাকে। বর্তমানে বাংলাদেশের প্রায় ২০টি বাইসাইকেল ও বাইসাইকেল যন্ত্রাংশ উৎপাদক ও রফতানিকারক যুক্তরাজ্যসহ ইউরোপীয় ইউনিয়নের ২৭টি দেশে বিভিন্ন ধরনের ও আকারের বাইসাইকেল ও ই-বাইক রফতানি করছে।

মিজানুর রহমান ভূঁইয়া
চেয়ারম্যান, মেঘনা গ্রুপ

শুরুতে বাংলাদেশ থেকে বাইসাইকেল রফতানির পরিমাণ ৫ থেকে ১০ মিলিয়ন মার্কিন ডলারের মধ্যে সীমাবদ্ধ ছিল। ধীরে ধীরে তা বেড়ে ২০২১-২২ সালে সর্বোচ্চ ১৬৭ মিলিয়ন মার্কিন ডলারে পৌঁছে। ২০২৫-২৬ অর্থবছরে বাংলাদেশ থেকে বাইসাইকেল রফতানির পরিমাণ ছিল ১৫১ মিলিয়ন মার্কিন ডলার। আগামীতে এ পরিমাণ আরো বেড়ে ১৭০ থেকে ১৮০ মিলিয়ন মার্কিন ডলারে পৌঁছতে পারে বলে আশা করা হচ্ছে।

মেঘনা গ্রুপের চিফ অপারেটিং অফিসার লুৎফুল বারীর মতে, এরই মধ্যে বাইসাইকেল খাতে রফতানির পরিমাণ, গুণগত মান, নকশা ও মূল্যে ব্যাপক পরিবর্তন ঘটেছে। তবে প্রচলিত বাইসাইকেলের আন্তর্জাতিক বাজার দুর্বল থেকে দুর্বলতর হচ্ছে। পক্ষান্তরে ই-বাইকের আন্তর্জাতিক বাজার বহুলাংশে বৃদ্ধি পাচ্ছে। বাংলাদেশ থেকেও এরই মধ্যে ইউরোপের বাজারে ই-বাইক রফতানি শুরু হয়েছে, যদিও এর পরিমাণ এখনো কম।

ইউরোপীয় ইউনিয়নের বাজারে বর্তমানে গড় বাইসাইকেলের মূল্য প্রায় ৪৫২ মার্কিন ডলার। ইউরোপের সবচেয়ে বড় তিনটি বাইসাইকেল ক্রেতাদেশ হলো যথাক্রমে জার্মানি, নেদারল্যান্ডস ও ফ্রান্স।

আন্তর্জাতিক বাজারের এ পরিবর্তনের মধ্যেই বাংলাদেশের সামনে বড় সম্ভাবনা দেখছেন লুৎফুল বারী। তার হিসাবে, ২০২৬ সালে বাইসাইকেলের আন্তর্জাতিক বাজার প্রায় ১০০ বিলিয়ন মার্কিন ডলারের। ২০৩০ সালে তা ১৫০ বিলিয়ন ডলারে পৌঁছতে পারে বলে আশা করা হচ্ছে। ইউরোপীয় ইউনিয়নে প্রচলিত বাইসাইকেল রফতানিতে বর্তমানে বাংলাদেশের অবস্থান চতুর্থ।

এত বড় বাজারের সম্ভাবনাকে কাজে লাগাতে হলে ইবিএর আওতায় বাংলাদেশের শুল্কমুক্ত সুবিধা এবং চীনের ওপর আরোপিত ৪৮ দশমিক ৫ শতাংশ অ্যান্টি-ডাম্পিং সুবিধাকে কাজে লাগানো প্রয়োজন বলে মনে করেন তিনি। এর মাধ্যমে ইউরোপে একটি স্থিতিশীল বাজারের সম্ভাবনা গড়ে তোলা সম্ভব। এলডিসি থেকে উত্তরণের পরও এ সুযোগ অব্যাহত রাখার ব্যাপক সম্ভাবনা রয়েছে বলে মনে করেন তিনি। বর্তমানে বাংলাদেশের বাইসাইকেল রফতানির প্রায় ৯৮ শতাংশই ইউরোপীয় ইউনিয়নের বাজারে যাচ্ছে। পাশাপাশি যুক্তরাষ্ট্র, কানাডা, অস্ট্রেলিয়া ও জাপানসহ মধ্যপ্রাচ্যের বাজারেও ব্যাপক সুযোগ ও সম্ভাবনা রয়েছে বলে জানান লুৎফুল বারী।

সম্ভাবনার পাশাপাশি এ খাতে বেশকিছু চ্যালেঞ্জও রয়েছে। এর মধ্যে রয়েছে কাঁচামাল আমদানিতে নির্ভরতা এবং স্থানীয়ভাবে কতিপয় যন্ত্রাংশ উৎপাদনে সীমাবদ্ধতা। প্রচলিত বাইসাইকেল আমদানিতে চাহিদার দুর্বলতাও একটি বড় চ্যালেঞ্জ।

এলডিসি থেকে উত্তরণের পর ইউরোপীয় ইউনিয়নে কঠোর পরিপালন ও পণ্যের উৎপত্তি বিধির প্রয়োগ ও চাপ বাড়বে। চীনের ওপর বাইসাইকেল রফতানিতে ইউরোপীয় ইউনিয়নের অ্যান্টি-ডাম্পিং শুল্ক কোনো কারণে উঠে গেলে বাংলাদেশের বাইসাইকেল রফতানিতে বড় ধরনের আঘাত আসতে পারে।

এছাড়া চীন, ভারত, ভিয়েতনাম ও কম্বোডিয়ার সঙ্গে রফতানি বাজারে মূল্যের ক্ষেত্রে বাংলাদেশকে কঠিন প্রতিযোগিতার মোকাবেলা করতে হবে। ফলে ইউরোপের বড় বাজারে বাংলাদেশের অবস্থান ধরে রাখা ও রফতানি বাড়ানোর ক্ষেত্রে সুযোগের পাশাপাশি এসব চ্যালেঞ্জ মোকাবেলাও গুরুত্বপূর্ণ হয়ে উঠছে।

বণিক বার্তা
24 AUG 2026

যুক্তরাজ্যের সঙ্গে বাণিজ্য বহুমুখীকরণে এফএমসিজি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে

রুহুল কুদ্দুস খান
চেয়ারম্যান, ইউনিলিভার কনজিউমার কেয়ার লিমিটেডের (ইউসিএল)
প্রধান নির্বাহী কর্মকর্তা ও ব্যবস্থাপনা পরিচালক, ইউনিলিভার বাংলাদেশ লিমিটেড

বাংলাদেশ-যুক্তরাজ্য বাণিজ্য সম্পর্ক ঐতিহাসিক, ক্রমবর্ধমান ও সম্ভাবনাময়। ২০২৬ সালের মার্চে শেষ হওয়া ১২ মাসে দ্বিপক্ষীয় পণ্য ও সেবা বাণিজ্যের পরিমাণ ছিল ৪ দশমিক ৫ বিলিয়ন পাউন্ড। এর মধ্যে বাংলাদেশ থেকে যুক্তরাজ্যের আমদানি ছিল ৩ দশমিক ৮ বিলিয়ন পাউন্ড। তবে বাংলাদেশের রফতানি এখনো প্রধানত তৈরি পোশাককেন্দ্রিক। তাই পরবর্তী লক্ষ্য হওয়া উচিত পণ্য ও সেবা রফতানি বহুমুখীকরণ, দেশে উৎপাদন ও দক্ষতা বৃদ্ধি এবং বাণিজ্যের সঙ্গে বিনিয়োগ ও প্রযুক্তি স্থানান্তরকে আরো কার্যকরভাবে যুক্ত করা।

আমার মতে, এ বাণিজ্য বহুমুখীকরণে এফএমসিজি খাতও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। কারণ এ খাতের সঙ্গে স্থানীয় উৎপাদন, কাঁচামাল ও প্যাকেজিং সরবরাহকারী, প্রযুক্তি, লজিস্টিকস এবং বিস্তৃত বিতরণ ব্যবস্থা যুক্ত। ইউনিলিভারের মতো দীর্ঘমেয়াদি বিনিয়োগকারী ও যুক্তরাজ্যভিত্তিক কোম্পানিগুলো আন্তর্জাতিক মান, প্রযুক্তি ও দক্ষতা স্থানান্তরের মাধ্যমে এফএমসিজি খাতের স্থানীয় সরবরাহকারী ও উৎপাদন ব্যবস্থার সক্ষমতা বাড়াতে পারে। ফলে স্থানীয় প্রতিষ্ঠানগুলোর আঞ্চলিক ও বৈশ্বিক ভ্যালু চেইনের সঙ্গে যুক্ত হওয়ার সুযোগ তৈরি হবে।

আমাদের অভিজ্ঞতা থেকে বলতে পারি, বাংলাদেশে স্থানীয় উৎপাদন ও দক্ষ সরবরাহ ব্যবস্থা গড়ে তোলার যথেষ্ট সক্ষমতা রয়েছে। ইউনিলিভার বাংলাদেশে আমরা বাজার সম্প্রসারণের পাশাপাশি স্থানীয় উৎপাদন, সরবরাহকারী উন্নয়ন ও দক্ষতা বৃদ্ধিতে ধারাবাহিকভাবে বিনিয়োগ করছি। বর্তমানে আমাদের ৯৬ শতাংশের বেশি পণ্য বাংলাদেশেই উৎপাদন হয়।

এলডিসি উত্তরণের মাধ্যমে বাংলাদেশ এমন একটি পর্যায়ে প্রবেশ করবে, যেখানে বৈশ্বিক বাণিজ্যে প্রতিযোগিতা করতে হবে উৎপাদনশীলতা, উদ্ভাবন, গুণগত মান, সরবরাহের নির্ভরযোগ্যতা এবং ব্যবসায়িক পরিবেশের ভিত্তিতে।

যুক্তরাজ্যের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ বিষয় হলো এলডিসি থেকে উত্তরণের সঙ্গে সঙ্গেই বাংলাদেশের বাজার সুবিধা পুরোপুরি শেষ হয়ে যাবে না। ২০২৬ সালে উত্তরণ হলে যুক্তরাজ্যের ডেভেলপিং কান্ট্রিজ ট্রেডিং স্কিমে বাংলাদেশ ২০২৯ পর্যন্ত সর্বোচ্চ সুবিধা পাবে। এরপর এনহ্যান্সড প্রেফারেন্সেসে ৯২ শতাংশ পণ্যশ্রেণীতে শুল্কমুক্ত সুবিধা পাবে। যুক্তরাজ্যভিত্তিক কোম্পানির জন্য এ উত্তরণ একদিকে চ্যালেঞ্জ, অন্যদিকে দীর্ঘমেয়াদি বিনিয়োগের সুযোগ। বাংলাদেশের ক্রমবর্ধমান বাজার ও তরুণ জনগোষ্ঠী এক্ষেত্রে বড় শক্তি। একই সঙ্গে কিছু বাস্তব চ্যালেঞ্জও রয়েছে। বৈদেশিক মুদ্রার প্রাপ্যতা, আমদানি করা কাঁচামাল ও যন্ত্রপাতির ব্যয়, জ্বালানি ও পরিবহন অবকাঠামো, কাস্টমস প্রক্রিয়ার দীর্ঘসূত্রতা, করনীতির পরিবর্তন এবং সরকারি সংস্থাগুলোর মধ্যে সমন্বয়ের ঘাটতি বিনিয়োগের সিদ্ধান্তকে প্রভাবিত করে।

যুক্তরাজ্যের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ বিষয় হলো এলডিসি থেকে উত্তরণের সঙ্গে সঙ্গেই বাংলাদেশের বাজার সুবিধা পুরোপুরি শেষ হয়ে যাবে না। ২০২৬ সালে উত্তরণ হলে যুক্তরাজ্যের ডেভেলপিং কান্ট্রিজ ট্রেডিং স্কিমে বাংলাদেশ ২০২৯ পর্যন্ত সর্বোচ্চ সুবিধা পাবে। এরপর এনহ্যান্সড প্রেফারেন্সেসে ৯২ শতাংশ পণ্যশ্রেণীতে শুল্কমুক্ত সুবিধা পাবে। যুক্তরাজ্যভিত্তিক কোম্পানির জন্য এ উত্তরণ একদিকে চ্যালেঞ্জ, অন্যদিকে দীর্ঘমেয়াদি বিনিয়োগের সুযোগ

আমার বিশ্বাস, বাংলাদেশে বিশ্বমানের উৎপাদন সম্ভব এবং ইউনিলিভারের কার্যক্রম তার উদাহরণ। তবে বৈশ্বিক ভ্যালু চেইনে যুক্ত হতে শুধু উৎপাদন সক্ষমতা যথেষ্ট নয়। স্থানীয় কারখানা ও সরবরাহকারীদের গুণগত মান, প্রতিযোগিতামূলক ব্যয়, সময়মতো সরবরাহ, ট্রেসেবিলিটি এবং পরিবেশগত ও সামাজিক মান নিশ্চিত করতে হবে।

একই সঙ্গে কাঁচামাল, প্যাকেজিং, প্রকৌশল, পরিবহন ও ডিজিটাল সেবা সরবরাহকারীদের সক্ষমতা বাড়াতে হবে। এক্ষেত্রে বহুজাতিক কোম্পানিগুলো কারিগরি সহায়তা ও যৌথ উদ্ভাবনের মাধ্যমে ভূমিকা রাখতে পারে। সরবরাহ ব্যবস্থাকে ডিজিটাল ও স্বচ্ছ করা, বন্দর ও কাস্টমসের দক্ষতা বাড়ানো এবং নির্ভরযোগ্য জ্বালানি নিশ্চিত করাও জরুরি।

বৈশ্বিক ভ্যালু চেইনে যুক্ত হওয়ার সুযোগ শুধু তৈরি পণ্য রফতানিতে সীমাবদ্ধ নয়। প্যাকেজিং ডিজাইন, সফটওয়্যার, তথ্য বিশ্লেষণ, গবেষণা ও সরবরাহ ব্যবস্থাপনার মতো সেবাতেও বাংলাদেশের সম্ভাবনা রয়েছে। যেখানে গুণগত মান, ব্যয় ও নির্ভরযোগ্যতায় প্রতিযোগিতা করা সম্ভব, সেখানে স্থানীয় প্রতিষ্ঠানগুলোকে আঞ্চলিক ও বৈশ্বিক সরবরাহকারী হিসেবে গড়ে তোলা যেতে পারে। এজন্য সরকার, বহুজাতিক কোম্পানি, স্থানীয় উদ্যোক্তা, আর্থিক প্রতিষ্ঠান ও শিক্ষাপ্রতিষ্ঠানের সমন্বিত উদ্যোগ প্রয়োজন।

আমি তিনটি ক্ষেত্রে বিশেষ সম্ভাবনা দেখি। প্রথমত, নবায়নযোগ্য জ্বালানি, জ্বালানিসাশ্রয়ী প্রযুক্তি ও টেকসই প্যাকেজিংসহ সবুজ শিল্পায়ন। দ্বিতীয়ত, সফটওয়্যার, ফিনটেক, ডিজিটাল পেমেন্ট ও অন্যান্য জ্ঞানভিত্তিক সেবা। তৃতীয়ত, ওষুধ, কৃষি প্রক্রিয়াকরণ, উন্নত উৎপাদন, লজিস্টিকস, উচ্চ শিক্ষা ও দক্ষতা উন্নয়ন।

এসব সম্ভাবনা কাজে লাগাতে ব্যবসায়িক পরিবেশে পূর্বানুমানযোগ্যতা জরুরি। তিন থেকে পাঁচ বছরের একটি সুস্পষ্ট কর ও শুল্ক রোডম্যাপ বিনিয়োগকারীদের দীর্ঘমেয়াদি পরিকল্পনায় সহায়তা করবে। একই সঙ্গে ব্যবসা নিবন্ধন, লাইসেন্স, কাস্টমস, কর নিরীক্ষা ও বৈধ অর্থ প্রত্যাবাসনের প্রক্রিয়া ডিজিটাল, স্বচ্ছ ও সময়সীমাবদ্ধ করতে হবে। নির্ভরযোগ্য জ্বালানি, দক্ষ বন্দর ও লজিস্টিকস এবং কাঁচামাল ও প্রযুক্তি আমদানির যৌক্তিক শুল্ক কাঠামোও প্রয়োজন। এজন্য সরকার ও বেসরকারি খাতের মধ্যে নিয়মিত ও তথ্যভিত্তিক সংলাপ জোরদার করতে হবে।

বণিক বার্তা
24 AUG 2026

সাইকেল রফতানিতে তৃতীয়

ইউরোপের রাস্তায় ‘মেড ইন বাংলাদেশ’ সাইকেল



ছবি : মেঘনা

নিজস্ব প্রতিবেদক ■

ইউরোপের ব্যস্ত রাস্তাগুলোয় বর্তমানে দাপিয়ে বেড়াচ্ছে ‘মেড ইন বাংলাদেশ’ লেখা বাইসাইকেল। একসময় ৪০-৫০ শতাংশ যন্ত্রাংশ বাইরে থেকে আমদানি করতে হতো, কিন্তু আজ বিশ্বমঞ্চে বাংলাদেশ এক নতুন পরিচয়ের সূচনা করেছে। ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) ২৭টি দেশে সাইকেল রফতানিতে বাংলাদেশ এখন তৃতীয় এবং বৈশ্বিক তালিকায় অষ্টম অবস্থানে রয়েছে। এ সাফল্যের নেপথ্যে রয়েছে প্রবাসফেরত শ্রমিকদের দক্ষতা, দেশীয় শিল্পোদ্যোক্তাদের সাহস এবং আন্তর্জাতিক বাজারের সুযোগ।

বাংলাদেশের বাইসাইকেল শিল্পের যাত্রা বেশ বর্ণিল। নব্বইয়ের দশকে মালয়েশিয়ায় শ্রমিক সংকটের কারণে আকোকো নামের একটি সাইকেল কারখানার মালিক তার কারখানা বাংলাদেশে স্থানান্তরের পরিকল্পনা করেন। পরবর্তী সময়ে মালয়েশিয়াফেরত কয়েকজন দক্ষ শ্রমিকের ওপর নির্ভর করে ১৯৯৫ সালে চট্টগ্রাম রফতানি প্রক্রিয়াকরণ অঞ্চলে (ইপিজেড) যাত্রা শুরু করে দেশের প্রথম রফতানিমুখী কারখানা ‘আলিটা বাংলাদেশ লিমিটেড’। প্রাথমিক অবস্থায় গুণমান প্রমাণ ও ইউরোপে গ্রহণযোগ্যতা তৈরি চ্যালেঞ্জিং হলেও ১৯৯৭ সাল থেকে চিত্র দ্রুত বদলাতে থাকে।

আলিটার সাফল্যের পর স্থানীয় শিল্পগোষ্ঠীগুলোও এ সম্ভাবনাময় খাতে বিনিয়োগ শুরু করে। ২০০৩ সালে দেশের অন্যতম শীর্ষ প্রতিষ্ঠান মেঘনা গ্রুপ প্রথম বাইসাইকেল রফতানি শুরু করে। পরবর্তী সময়ে ২০১৪ সালে দুরন্ত ব্র্যান্ড নিয়ে মাঠে নামে প্রাণ-আরএফএল গ্রুপ। বর্তমানে জার্মান-বাংলা, করভো, নর্থ বেঙ্গলের মতো প্রায় ছয়টি বড় প্রতিষ্ঠান দেশে আন্তর্জাতিক মানের বাইসাইকেল উৎপাদন করছে।

ইউরোস্ট্যাট ও রপ্তানি উন্নয়ন ব্যুরোর (ইপিবি) তথ্য অনুযায়ী, ২০০৭ সালে বাংলাদেশ প্রায় সাড়ে তিন লাখ বাইসাইকেল রফতানি করেছিল। ২০১৪ সালে তা বেড়ে দাঁড়ায় প্রায় ৬ লাখে। ২০২০-২১ অর্থবছরে রফতানি হয় প্রায় ১০ লাখ সাইকেল। ওই অর্থবছরে রফতানি আয় ছিল ১৩ কোটি ৮ লাখ ডলার। আগের অর্থবছরের তুলনায় প্রবৃদ্ধি ছিল ৫৮ শতাংশের বেশি। ২০২১-২২ অর্থবছরে রফতানি আরো বেড়ে প্রায় ১৭ কোটি ডলারে পৌঁছায়। এরপর অবশ্য দুই বছর রফতানি কমে যায়। ২০২৩-২৪ অর্থবছরে তা নেমে আসে প্রায় ৮ কোটি ২৫ লাখ ডলারে। তবে ২০২৪-২৫ অর্থবছরে পুণরায় ঘুরে দাঁড়ায় এ খাত। রফতানি বেড়ে হয় ১[illegible] কোটি ৬৪ লাখ ডলার। প্রবৃদ্ধি ছিল ৪১ শতাংশ।

এ ঘুরে দাঁড়ানোর পেছনে বড় ভূমিকা রেখেছে মেঘনা গ্রুপ। জাতীয় রাজস্ব বোর্ডের তথ্য অনুযায়ী, ২০২৪-২৫ অর্থবছরে প্রতিষ্ঠানটির সাইকেল রফতানি ছিল ৭ কোটি ৮১ লাখ ডলার। অর্থাৎ ওই অর্থবছরে বাংলাদেশের মোট সাইকেল রফতানির প্রায় ৬৭ শতাংশ এসেছে মেঘনা গ্রুপ থেকে। প্রতিষ্ঠানটির তথ্য অনুযায়ী, তাদের কারখানায় বছরে প্রায় ৮০ লাখ সাইকেল উৎপাদনের সক্ষমতা রয়েছে। জার্মানি, যুক্তরাজ্য, বেলজিয়াম ও ডেনমার্কের বিভিন্ন ব্র্যান্ডের জন্যও সাইকেল তৈরি করে তারা।

